মেহেরপুরে “সূর্যোদয় আবৃত্তি সংসদ”এর সাপ্তাহিক কবিতা পাঠের আসর

মেহেরপুরে “সূর্যোদয় আবৃত্তি সংসদ” এর সাপ্তাহিক কবিতা পাঠের আসর (পর্ব-২) অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকাল সাড়ে ৪ টার সময় মেহেরপুর সরকারি মহিলা কলেজে অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলাম এর সভাপতিত্বে “সূর্যোদয় আবৃত্তি সংসদ”এর সাপ্তাহিক কবিতা পাঠের আসর ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

“সূর্যোদয় আবৃত্তি সংসদ” এর সাধারণ সম্পাদক নূর আলমের সঞ্চালনায় আলোচনাসভা ও কবিতা পাঠ অনুষ্ঠানে উপস্থিত কবি ও সাহিত্যিকরা স্বরচিত ও নির্বাচিত কবিতা পাঠ করে শুনান।

মেহেরপুরে “সূর্যোদয় আবৃত্তি সংসদ” নামক সংগঠণের স্বরচিত কবিতা পাঠ ও আলোচনাসভায় উপস্থিত ছিলেন- প্রফেসর মোঃ রফিকুল ইসলাম, এস.এম. এ মান্নান, শফিকুর রহমান সেন্টু, মুহম্মদ মহসীন, শরিফুল ইসলাম, উবাইদুর রহমান, শাহিনুর রহমান খাঁন, আবু লায়েছ লাবলু, এম. সোহেল রানা প্রমূখ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪২৯ তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪২৯ তম পদধ্বনি অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাপ্তাহিক সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্ব ১৪২৯তম এই আসর অনুষ্ঠিত হয়। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর

বিরচিত বিদ্রোহী কবিতার শতবর্ষ উপলক্ষে আজকের পদধ্বনি অনুষ্ঠানটি বিদ্রোহী কবিতাটিকে উৎসর্গ করে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদের সঞ্চালনায় স্বরচিত লেখা পাঠ করেন নাট্যজন ও গল্পকার মো. আলাউদ্দীন, ইব্রাহিম খলিল, জিল্লুর রহমান রুবেল, হারুন-অর রশিদ, আশিকুজ্জামান আসাদ, ডা. তোফাজ্জেল হোসেন, আনছার আলী,অধ্যক্ষ শাজাহান আলী, আহাদ আলী মোল্লা, এম এ মামুন, সার্থক আলী, উজ্জল হোসেন, শওকত আলী, এম এ হামিদ,আবুল কাশেম, সুমন ইকবাল ও কবি নজমুল হেলাল।

চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ ও এ্যাড. বজলুর রহমান। পঠিত লেখার উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অন্যতম উপদেষ্টা সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ, মো. আলাউদ্দীন ও কাজল মাহমুদ,আহাদ আলী মোল্লা, এ্যাড.বজলুর রহমান। চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে অনুষ্ঠান শেষ করেন।

ঝিনাইদহে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে রাস্তা নির্মাণের অভিযোগ

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বারফা গ্রামের মুক্তিযোদ্ধা পরিবারের ৫০ বছরের বসত ভিটার উপর দিয়ে রাস্তা নির্মাণ ও বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে সন্ত্রাসী আশরাফুল ইসলাম খোকন বাহিনী কতৃক রাস্তার জমি দখল ও হুমকি ধামকীর প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী পরিবার।
শুক্রবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবে মিলনায়তনে পরিবারের পক্ষ থেরক লিখিত বক্তব্য পাঠ করেন অবসর প্রাপ্ত কলেজ শিক্ষক সামসুর রহমান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি বলেন তাদের পরিবারের

কে এম সালেহ,
ঝিনাইদহ।
মোবাঃ ০১৭১২০৫৩৫৮৬

ঝিনাইদহে বিয়ের প্রলোভন দিখে রাতভর ধর্ষন,যুবক গ্রেফতার

মোবাইলে প্রেম অতপর বিয়ের প্রস্তাব। রাজি হয়ে যায় মেয়েটি। যুবকের কথায় সরল বিশ্বাসে আসেন ঝিনাইদহ শহরের ট বাজার এলাকার একটি আবাসিক হোটেলে। রাতভর ধর্ষন করে হোটেলে মেয়টিকে একা রেখে পালিয়ে যায় যুবক জুবায়ের। এদিকে এ ঘটনায় শুক্রবার মামলা হয় ঝিনাইদহ সদর থানায়।

বিয়ের প্রলোভন দেখিয়ে আবাসিক হোটেলে নিয়ে ধর্ষণের দায়ে র্যাব শুক্রবার সকালে ধর্ষক জুবায়ের হোসেন (২৪) কে শহরের বাসষ্ট্যন্ড এলাকা থেকে গ্রেফতার করে। পুলিশ জানায়, ঝিনাইদহ সদর থানা রামচন্দ্রপুর গ্রামের ওই যুবতীর সঙ্গে ঝিনাইদহ সদর উপজেলার অশ্বস্থলী গ্রামের শরিফুল ইসলামের ছেলে জুবায়েরের সাথে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। জুবায়ের দ্রত বিদেশ চলে যাবে বলে মেয়েটিকে বিয়ের প্রস্তাব দেয়। মেয়েটি তার কথায় সায় দিয়ে বৃহস্পতিবার ঝিনাইদহ শহরে আসে।

তারা স্বামী স্ত্রী পরিচয় দিয়ে ওঠে একটি আবাসিক হোটেলে। শুক্রবার সকালে এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় একটি মামলা হয়, যার নং ১১/২১। ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানি কমান্ডার মেজর মোহাম্মদ শরীফুল আহসান জানান, গোপন সুত্রে খবর পেয়ে ধর্ষক জুবায়েরকে শুক্রবার সকালে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়।

বিশ্ব ডিম দিবস উপলক্ষে মেহেরপুরে র্যালী ও আলোচনা সভা

‘আজ এবং প্রতিদিন, আপনার খাবারে ডিম রাখুন’ এই শ্লোগানে বিশ্ব ডিম দিবস-২০২১ উপলক্ষে মেহেরপুর জেলা প্রাণিসম্পদ অফিস ও পোল্ট্রি এসোসিয়েশন এর আয়োজনে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে শুক্রবার সকালে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ ডঃ সাইদুর রহমান এর নেতৃত্বে প্রাণিসম্পদ কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়।

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ ডঃ সাইদুর রহমান এর সভাপতিত্বে
র্যালী পরবর্তী আলোচনা সভায় জেলা প্রশাসকের পক্ষে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লিংকন বিশ্বাস। ভেটেনারি সার্জন সৈয়দ ছাকিবুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী, কৃষি সম্প্রসারণ এর উপ-পরিচালক (শস্য) এ কে এম কামরুজ্জামান, জেলা সঞ্চয় কর্মকর্তা হুমায়ুন কবীর, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. তৌহিদুল ইসলাম, জেলা পোল্টি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদকসহ জেলার সকল পোল্ট্রি অ্যাসোসিয়েশনের সদস্যরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় সাইকেল কিনে বাড়ি

ফেরা হলো না আনিসের

আলমডাঙ্গা উপজেলায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে আনিস উদ্দিন (৭৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকেল ৫ টার দিকে উপজেলার বেলগাছি গ্রামের মালিতাপাড়ার জামে মসজিদের সামনে এদূর্ঘটনা ঘটে।

নিহত আনিস উদ্দিন একই উপজেলার পাইকপাড়া গ্রামের মৃত আব্দুল গফুরের ছেলে। এঘটনার পর পুলিশ ট্রাকসহ চালক রাজু ও তার সহকারী সেলিমকে আটক করে থানায় নিয়েছে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের পাইকপাড়া গ্রামের মৃত আব্দুল গফুরের ছেলে আনিস উদ্দিন। গতকাল বৃহস্পতিবার দুপুরে আলমডাঙ্গায় পুরাতন সাইকেল কিনতে আসে। সাইকেল কিনে বিকেল ৫ টার দিকে বাড়ি ফিরছিলো।

পথের মধ্যে বেলগাছি মালিথাপাড়া এলাকায় পৌঁছালে তিব্র যানজটে আটকে যায় আনিস। এ সময় সে মালিথাপাড়ার মসজিদের নিকট দাড়ালে পিছন থেকে দ্রুত গতিতে আসা ট্রাক তাকে ধাক্কা দেয়। এসময় আনিস ট্রাকের ধাক্কায় ছিটকে পড়ে ঘটনাস্থলেই সে মারা যায়।
এ ঘটনায় পর ট্রাক ড্রাইভার দ্রুত গতিতে গাড়ি নিয়ে পালানোর চেষ্টা করে।

এলাকাবাসী ওই গাড়ি ধাওয়া করে গাড়ির চালক ও হেলপারকে আটক করে। খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে। আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থল থেকে লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে ময়নাতদন্তের জন্য পুলিশ হেফাজতে নেয়।

পরে লাশের পরিবারের লোকজন বাদি না হওয়ায় পুলিশ রাতেই লাশ দাফনের অনুমতি প্রদান করে। নিহত আনিসের লাশ রাতেই পাইকপাড়া কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, আলমডাঙ্গার বেলগাছি গ্রামে ট্রাকের ধাক্কায় চাকায় নিচে পিষ্ট হয়ে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। সুরতহাল রিপোর্ট শেষে লাশ ময়নাতদন্তের জন্য পুলিশি হেফাজতে নেওয়া হয়। পরিবারের পক্ষ থেকে বাদি না হওয়ায় লাশ দাফনের অনুমতি দেওয়া হয়।

মানুষ এখন খাদ্য অভাবে থাকে না

আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়ন পরিষদের নতুন ভবন উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গার ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এ ভবনের আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এ অঞ্চলের মানুষ রাস্তা দিয়ে চলাচল করতে অনেক কষ্টের সম্মূখিন হত। বর্তমান সরকারের উদ্যোগে এ অঞ্চলের মানুষ পাঁকা রাস্তা দিয়ে চলাচল করে।

নাগদাহ ইউনিয়নের সাধারণ মানুষের এখন চিন্তা নেই। বর্তমানে এ ইউনিয়নের অধিকাংশ রাস্তা পাঁকা। এই অঞ্চলের যে অবশিষ্ট রাস্তা ও ব্রিজের ভোগান্তিতে পড়তে হচ্ছে মানুষের সে গুলোর তালিকা করে নিবে।

তিনি আরো বলেন, বর্তমান সরকার কৃষি, শিক্ষা ও চিকিৎসা সেবা সহ বিভিন্ন মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে। এখন মানুষ খাদ্যের অভাবে থাকে না।

উদ্বোধনী অনুষ্ঠানে নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের যুগ্ন-সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নান্নু মিয়া, নাগদাহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক মতিয়ার রহমান হায়াত, আইলহাস ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি তোফাজ্জেল বিশ্বাস, সাধারন সম্পাদক জাহিদুল ইসলাম বাদল, মোমিনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নিপুল, সাধারন সম্পাদক রতন আলি, বেলগাছি ইউনিয়ন পরিষদের চেয়াম্যান আমিরুল ইসলাম মন্টু, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান রুন্নু, সাধারন সম্পাদক বিল্লাল

গনি।

সাবেক চুয়াডাঙ্গা সরকারি কলেজের সভাপতি আশিক ইকবার স্বপনের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি মুনছুর মোল্লা, ইসমাইল হোসেন, আব্দুল খালেক, হাসেম মোল্লা, আব্দুল কুদ্দুস, যুগ্ন সম্পাদক সাইফুল ইসলাম, আলাউদ্দিন মাস্টার, সাংগাঠনিক সম্পাদক বাদল রশিদ, বেল্টু মন্ডল, দপ্তর সম্পাদক ঝন্টু রহমান, আওয়ামীলীগ নেতা দুদ মল্লিক, মরজেম হোসেন, আয়ুব হোসেন, বিপুল জোয়াদ্দার, ডালিম মেম্বার, মনি, মেছের, মুসা, মিয়া, ইকলাচ, বিল্লাল, মাজেদুল।

এছাড়াও বিভিন্ন ইউনিয়নের ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি – সাধারন সম্পাদক সহ সকল ইউনিয়ন আওয়ামীলীগের নেতৃবৃন্দ। উপস্থিত ছিলো।

দর্শনায় শারদীয় দূর্গোৎসব উপলক্ষে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় ও আর্থিক অনুদান প্রদান

দর্শনায় শারদীয় দূর্গোৎসব উপলক্ষে নিরাপত্তা ও আইন শৃংখলা বিষয়ক মতবিনিময়সভা ও আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৪টায় দর্শনা থানা চত্বরে থানার ১৮ টি পৃজা মন্দির কমিটির সাথে মতবিনিময় অনুষ্ঠিত হয়। অফিসার ইনচার্জ ওসি লুৎফুল কবিরের সভাপত্বি মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাস, দর্শনা থানার তদন্ত ওসি শামসুজোহা, দর্শনা থানার সেকেন্ড অফিসার আহম্মেদ আলী বিশ্বাস,এ সময় ১৮ টি পুজা মন্দিরের সভাপতি ও দর্শনা পুরাতন বাজার পৃজা মন্দিরের সভপতি উত্তম কুমার দেবনাথ, দামুড়হুদা উপজেলার পুজা উৎযাপন কমিটির সভাপতি নিতাই পাল, সধারন সম্পাদক অন্তত সান্তারা, দর্শনা পৌর হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান সভাপতি সমির সরকার, সাধারন সম্পাদক দীপেন ঘোষসহ ১৮ টি পৃজা মন্দিরের সভাপতি ও সাধারন

সম্পাদক উপস্হিত ছিলেন, অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন দর্শনা থানার ওসি অপরেশন আবু সাঈদ, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু,ও আওয়াল হোসেন, পরে তারা দেবী ফাউন্ডেশনের উদ্দগে ১৮ টি পুজা মন্দিরে ৩ হাজার টাকা করে অনুদান প্রদান করেন ডায়মণ্ড ওয়াল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগারওয়ালা।

অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে ২লক্ষ টাকা খোয়ালেন জিবননগরের কসাই জিহাদ

গরু কিনতে আসার পথে জিবননগর থেকে বাসে উঠে দর্শনা অভিমুখে আসার সময় বাসের মধ্যে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে নগদ ২লক্ষ টাকা খোয়ালেন কসাই জিহাদ (৪৫)। সে জিবননগর উপজেলার নারায়নপুর গ্রামের রওশন আলীর ছেলে।

প্রত্যক্ষদর্শী জানায়, বৃহস্পাতিবার দুপুর সাড়ে ১১টার দিকে জিবননগর থেকে দর্শনা অভিমুখে শাপলা পরিবহনে করে গরু কিনতে শিয়ালমারী হাটে আসছিলো জিবননগরের মাংস দোকানি কসাই জিহাদ।

এসময় গাড়িতে থাকা লোকজন ধারনা করে বলেন হয়তো গাড়িতে ওঠার আগে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে কিছু খেয়ে গাড়িতে উঠেছে। এসময় গাড়িতে উঠে তিনি শিয়ালমারী গরুর হাট অতিক্রম করলে অজ্ঞান হয়ে পড়ে। পরে গাড়ির সুপার ভাইজার ও হেলপার দর্শনা বাসস্ট্যান্ডের চুয়াডাঙ্গা শাপলা কাউন্টারে অজ্ঞান অবস্থায় নামিয়ে দেয়।

পরে তার মাথায় পানি দিয়ে কিছুটা সুস্থ করার চেষ্টা করে স্থানীয়রা। এসময় পুলিশের খবর দিলে দ্রুত দর্শনা থানা পুলিশ তাকে উদ্ধার করে। পরে তার কাছে থাকা মোবাইল থেকে বাড়িতে যোগাযোগ করলে তার আত্মীয় স্বজনরা দর্শনা বাসস্ট্যান্ড আসার আগেই দর্শনা থানা পুলিশ তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

এবিষয়ে জিহাদ হোসেনের বড় ভাবি চম্পা খাতুন জানায় সে প্রতি

বৃহস্পতিবার শিয়ালমারী হাটে গিয়ে গরু কিনে শুক্রবার জিবননগরে মাংশ বিক্রি করে। আজও গরু কেনার উদ্দেশ্যে ২লক্ষ টাকা নিয়ে বেলা ১১টার দিকে বাসে করে শিয়ালমারী পশু হাটের উদ্দেশে রওনা হয়েছিলো।

পরে বেলা সাড়ে ১১টার দিকে আমরা মোবাইল ফোনে জানতে পারি তাকে অজ্ঞানপার্টি অচেতন করে গরু কেনা নগত টাকা নিয়ে গেছে এবং দর্শনা বাসস্ট্যান্ডে অচেতন অবস্থায় পড়ে আছে। পরে আমরা সেখানে গেলে জানতে পারি দর্শনা থানা পুলিশ তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছে।

আলমডাঙ্গা থেকে নিখোঁজ কলেজ ছাত্রী কোটচাঁদপুরে উদ্ধার অপহরণকারী আটক

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থেকে নিখোঁজ এক কলেজ ছাত্রী (১৬) কে কোটচাঁদপুর শহর থেকে উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার কোটচাঁদপুর পৌর শহরের আদর্শপাড়া আখ সেন্টার এলাকার একটি ভাড়া বাসা থেকে তাকে উদ্ধার করা হয়।

এসময় শুভদেব নামে এক অপহরণকারীকে আটক করে পুলিশ। পরে তাদের কে আলমডাঙ্গা থানা পুলিশের হাতে হস্তান্তর করে মডেল থানা পুলিশ।

ভুক্তভোগী কলেজ ছাত্রীর বাবা জানান, গত ১২ সেপ্টেম্বর আলমডাঙ্গা আনন্দধাম এলাকার বখাটে শুভদেব আমার কলেজ পড়ুয়া মেয়েকে অপহরণ করে। বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট থানায় অভিযোগ করি। পুলিশ অনেক চেষ্টা করেও কোন খোঁজ পায়নি।

দীর্ঘ ২৫ দিন তাকে যশোর, ঝিনাইদহ, মাগুরা সহ বিভিন্ন এলাকায় আটকে রেখে শারিরিক ও পাশবিক নির্যাতন করে। আমার মেয়ে পরিবারের সাথে যোগাযোগের চেষ্টা করেও পারেনি। তাকে প্রায় সময় অচেতন করে রাখা হতো।

গত বুধবার (০৬ অক্টোবর) আমার মেয়ে একটি নাম্বার থেকে ফোন করে

[redacted]

[redacted]